৪০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**প্রকল্প পরিবীক্ষণ ছক**

| | | |
|---|---|---|
| **পরিদর্শনের তারিখ** | : | ২২.০৩.২০১৮ খ্রি: |
| **পরিদর্শনকারী কর্মকর্তার নাম** | : | জনাব মোহাম্মদ আরিফুর রহমান |
| **পদবী** | : | উপ-পরিচালক |
| **সেক্টর** | : | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (**শিক্ষা ও সামাজিক)** |

**ক. প্রকল্পের মৌলিক তথ্য:**

১. প্রকল্পের নাম: "রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন" প্রকল্প।

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/রাজশাহী বিশ্ববিদ্যালয়।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৩৬৩৮৭.০০ | ৩৬৩৮৭.০০ | - | - | জানুয়ারি, ২০১৭ থেকে জুন, ২০২০ | ২২/১২/২০১৬ (একনেক কর্তৃক) | - | - |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | - | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%) : প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%) : প্রযোজ্য নয়।

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| রাজশাহী | রাজশাহী | মতিহার | রাজশাহী | - |

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- দেশের আর্থ-সামাজিক উন্নয়নের যন্ত্র হিসেবে দক্ষ মানব সম্পদ উন্নয়ন;
- মান সম্মত উচ্চ শিক্ষা ও গবেষণা সুবিধা বৃদ্ধি ও উন্নত করার লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন এবং লজিস্টিক সুবিধা প্রদান করা;
- বিজ্ঞান, প্রযুক্তি ও কৃষি শিক্ষা সম্প্রসারণে গতিশীলতা আনয়ন করা;
- স্বাস্থ্যসম্মত পরিবেশবান্ধব পরিবেশ উন্নয়নের মাধ্যমে ক্যাম্পাসের শিক্ষার পরিবেশ উন্নত করা এবং বসবাসের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করা;
- শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের শিক্ষা বান্ধব পরিবেশে বসবাসের সুযোগ প্রদান করা।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

**৮. অঙ্গভিত্তিক অগ্রগতি:** **(লক্ষ টাকা)**

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের মার্চ ২০১৮ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | ০৫ | | ০৬ | | ০৭ | |
| | | | বাস্তব (পরিমাণ/ সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক |
| ০১. | অন্যান্য ব্যয় | থোক | থোক | ২৫.০০ | ২৪% | ৬.০০ | ২৮% | ৭.০০ | ৭% | ১.৭৫ |
| ০২. | ইক্যুইপমেন্ট ও স্থাপনা (সিসি টিভি ক্যামেরা) | সংখ্যা | ১৯টি | ৭১৪.৭৫ | ৪২% | ৩০৮.০০ | - | - | - | - |
| ০৩. | আসবাবপত্র | সংখ্যা | ৩৩৯৩৫টি | ১৪৩৫.৬৪ | - | - | - | - | - | - |
| ০৪. | শেখ হাসিনা হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত) | বঃমিঃ | ২৪০০০ বঃমিঃ | ৫৬৮৮.৫১ | - | - | - | - | - | - |
| ০৫. | শহীদ এ এইচ এম কামরুজ্জামান হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত) | বঃমিঃ | ২৪০০০ বঃমিঃ | ৫১১৯.০২ | - | - | - | - | - | - |
| ০৬. | বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ ( ৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত) | বঃমিঃ | ১৩২২৯ বঃমিঃ | ৩১৯৫.৮১ | - | - | ১৩% | ৪০০.০০ | ৩% | ১০০.০০ |

-০৮

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৭. | শিক্ষক কোয়ার্টার্স ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত) | বঃমিঃ | ৩৩০০ বঃমিঃ | ৮৫২.৬২ | - | - | - | - | - | - |
| ০৮. | কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার | বঃমিঃ | ৪১০০ বঃমিঃ | ১১০০.০০ | - | - | ২৭% | ২৯৩.০০ | ৭% | ৭৩.২৫ |
| ০৯. | সবুজ প্রাচীর নির্মাণ | বঃমিঃ | ১২০০ বঃমিঃ | ১১৮.০৮ | - | - | - | - | - | - |
| ১০. | ড্রেন ও কালভার্ট নির্মাণ | কিঃমিঃ | ১৪ কিঃমিঃ | ১৫৩০.০০ | - | - | - | - | - | - |
| ১১. | ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) | বঃমিঃ | ৭৬৬৫ বঃমিঃ | ১৭৫১.৪৬ | - | - | ২৩% | ৪০০.০০ | ৬% | ১০০.০০ |
| ১২. | ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) | বঃমিঃ | ৯৩৩৫ বঃমিঃ | ২২২৩.৬০ | - | - | ১৮% | ৪০০.০০ | ৫% | ১০০.০০ |
| ১৩. | কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত) | বঃমিঃ | ৯৭৫০ বঃমিঃ | ২২৫১.৫৮ | - | - | ১৮% | ৪০০.০০ | ৫% | ১০০.০০ |
| ১৪. | চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা | বঃমিঃ | ৮২৩ বঃমিঃ | ২২০.৮২ | - | - | ৪৫% | ১০০.০০ | ১১% | ২৫.০০ |
| ১৫. | কেন্দ্রিয় বিজ্ঞান ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত) | বঃমিঃ | ৩০০০০ বঃমিঃ | ৭৬৯১.৫০ | - | - | - | - | - | - |
| ১৬. | শেখ রাসেল মডেল স্কুল ভবন নির্মাণ (৪তলা ভিতে ৪ তলা পর্যন্ত) | বঃমিঃ | ৪৪৬০ বঃমিঃ | ১৭২৫.৩১ | - | - | - | - | - | - |
| ১৭. | ফিজিক্যাল কন্টিনজেন্সি | % | ১% | ৩৫৬.৩০ | - | - | - | - | - | - |
| ১৮. | প্রাইজ কন্টিনজেন্সি | % | ১% | ৩৬০.০০ | - | - | - | - | - | - |
| | মোট= | - | - | ৩৬৩৮৭.০০ | ১% | ৩১৪.০০ | ৬% | ২০০০.০০ | ১.৩৭% | ৫০০.০০ |

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) (মার্চ, ১৮ পর্যন্ত) | প্রকৃত ব্যয় (%) (মার্চ, ১৮ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ২০১৬-১৭ | ৩৬৩৯.০০ | ৩১৪.০০ | ৩১৪.০০ | ৩১৪.০০ |
| ২০১৭-১৮ | ১০৯১৬.০০ | ২০০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ |
| ২০১৮-১৯ | ১০৯১৬.০০ | - | - | - |
| ২০১৯-২০ | ১০৯১৬.০০ | - | - | - |
| মোট= | ৩৬৩৮৭.০০ | ২৩১৪.০০ | ৮১৪.০০ (২.২৪%) | ৮১৪.০০ (২.২৪%) |

১০. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৭টি (পণ্য ২টি, কার্য ৫টি, সেবা ০টি)।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্যাকেজ | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| কৃষি অনুষদ ভবন RU/DEV/002/GOB/2017-18 | ০৮/০১/২০১৭ ১৬,২৯,৫৯,৫২৯/- | ২৬/০২/২০১৮ ১৪,৬৬,৬০,৪০০/- | ২৬/০৮/২০১৯ | - | - |
| বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল RU/DEV/004/GOB/2017-18 | ০৫/১১/২০১৭ ২০,৮২,৭৩,২৭৬/- | ২৫/০২/২০১৮ ১৮,৭৪,৭৭,৯৫০/- | ২৫/০৮/২০১৯ | - | - |
| চারুকলা ভবন RU/DEV/005/GOB/2017-18 | ১২/১১/২০১৭ ১,৭৭,২৬,৯৪৯/- | ৩১/০১/২০১৮ ১,৫৯,২৬,৯৪৯/- | ৩১/০১/২০১৯ | - | - |
| ৪র্থ বিজ্ঞান ভবন RU/DEV/001/GOB/2017-18 | ১৫/১০/২০১৭ ১৪,৪০,৪৩,০০০/- | ৩১/০১/২০১৮ ১২,৯৬,৪২,৬০৩/- | ৩১/০১/২০১৯ | - | - |
| ৪র্থ কলা ভবন RU/DEV/0006/GOB/2017-18 | ০১/০১/২০১৭ ২০,৩৬,৮৫,২২৪/- | মূল্যায়ন কাজ চলমান | - | - | দরপত্র প্রক্রিয়াধীন |

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| জনাব মোঃ আফসার আলী | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। | ২১/০৯/২০১৪ হতে অদ্যাবধি | অতিরিক্ত দায়িত্ব | না | ০১ |

১২. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):

প্রকল্পটি'র আওতায় প্রস্তাবিত ভৌত অবকাঠামো রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিজস্ব জায়গায় নির্মিত হচ্ছে। এর জন্য জায়গা ইতোমধ্যে নির্ধারণ করা হয়েছে। ফলে, প্রকল্পের আওতায় ভুমি অধিগ্রহণের প্রয়োজন হবে না। এছাড়া, যন্ত্রপাতি ও ভৌত কাজ সম্পন্ন না হওয়ায় ইউটিলিটি সংযোগ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি।

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

বিশ্ববিদ্যালয়ের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরিচালিত কার্যক্রমের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ে বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পের অডিট নিস্পন্ন হয় মর্মে পরিদর্শনকালে অবহিত করা হয়। তবে, বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের অডিট কাজ সম্পন্ন হয়েছে বলে জানা গেছে, কিন্তু আলোচ্য প্রকল্পের জন্য পৃথকভাবে কোন অডিট স্পন্ন হয়নি। ফলে, এখন পর্যন্ত প্রকল্প কার্যক্রমের জন্য কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি মর্মে জানা গেছে।

১৪. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

এখন পর্যন্ত প্রকল্পের আওতায় কোন স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি'র সভা অনুষ্ঠিত হয়নি মর্মে জানা গেছে। ফলে, প্রকল্প বাস্তবায়নের প্রতিবন্ধকতা বা বিলম্বিত হওয়ার কারণ নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ যেমন সম্ভব হয়নি ঠিক তেমনি প্রকল্পের স্টেকহোল্ডারগণ কর্তৃক প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্যাদি অবহিত হওয়াও সম্ভব হয়নি। প্রকল্প বাস্তবায়ন সুদৃঢ় করার নিমিত্ত অনুমোদিত ডিপিপি'র সংস্থান মোতাবেক নিয়মিতভাবে স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি'র সভা আয়োজ করা প্রয়োজন।

১৫. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে): প্রযোজ্য নয়।

## গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) পরিদর্শনকৃত এলাকা: রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: প্রকল্পটি ইতোপূর্বে আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়নি।

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন:

প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে অন্যান্য ব্যয়; ইক্যুইপমেন্ট ও স্থাপনা (সিসি টিভি ক্যামেরা); আসবাবপত্র ক্রয়; শেখ হাসিনা হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শহীদ এ এইচ এম কামরুজ্জামান হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ ( ৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত); শিক্ষক কোয়াটার্স ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার; সবুজ প্রাচীর নির্মাণ; ড্রেন ও কালভার্ট নির্মাণ; ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ); ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ); কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত); চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা; কেন্দ্রিয় বিজ্ঞান ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শেখ রাসেল মডেল স্কুল ভবন নির্মাণ (৪তলা ভিতে ৪ তলা পর্যন্ত); ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি ইত্যাদি। অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুসারে ২০১৬-১৭ অর্থ বছরে ৩৬৩৯.০০ লক্ষ টাকা; ২০১৭-১৮ অর্থ বছরে ১০৯১৬.০০ লক্ষ টাকা; ২০১৮-১৯ অর্থ বছরে ১০৯১৬.০০ লক্ষ টাকা এবং ২০১৯-২০ অর্থ বছরে ১০৯১৬.০০ লক্ষ টাকা ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত রয়েছে।

প্রকল্পটি জুন, ২০২০ সময়ে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও জুন, ২০১৭ পর্যন্ত ৩১৪.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৬৩৮৭.০০ লক্ষ টাকার ০.৮৭% ব্যয় হয়েছে। চলতি ২০১৭-১৮ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ২০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এর মধ্যে মার্চ ২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৫০০.০০ লক্ষ টাকা (২৫%) যা মোট প্রকল্প ব্যয়ের ৩৬৩৮৭.০০ লক্ষ টাকার ১.৩৭% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ২%।

**খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:**

প্রকল্পের আওতায় ভৌত কাজ বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান ভবনসমূহের পূর্বের নকশার আলোকে উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে এবং কার্যাদেশ প্রদান করা হয়েছে। ক্রয় প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ ও সরকারের নির্ধারিত পরিপত্র ও বিধিমালা অনুসরণ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে অবহিত করা হয়েছে। একইভাবে প্রকল্পের প্রস্তাবিত যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত স্পেসিফিকেশন প্রণয়নপূর্বক দরপত্র আহ্বান করা হয়েছে। প্রকল্পের ভৌত কাজ বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ কর্তৃক সম্পাদন করা হচ্ছে এবং যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়সহ প্রস্তাবিত অন্যান্য কার্যক্রম প্রকল্প পরিচালকের কার্যালয়ের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- **সম্পাদিত কাজ:**

প্রকল্পের আওতায় সংস্থানকৃত অন্যান্য ব্যয় খাতে ৭.৭৫ লক্ষ টাকা; ইক্যুইপমেন্ট ও স্থাপনা (সিসি টিভি ক্যামেরা) খাতে ২৫৮.০০ লক্ষ টাকা; বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ ( ৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত) খাতে ১০০.০০ লক্ষ টাকা; কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার খাতে ৭৩.২৫ লক্ষ টাকা; ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) খাতে ১০০.০০ লক্ষ টাকা; ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) খাতে ১০০.০০ লক্ষ টাকা; কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত) খাতে ১০০.০০ লক্ষ টাকা; চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা খাতে ২৫.০০ লক্ষ টাকাসহ মোট ৮১৪.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ২.২৪% ব্যয় হয়েছে। প্রকল্পের সংস্থানকৃত অবশিষ্ট ভৌত কাজ, যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক কার্যাদি সম্পাদনের জন্য বাস্তবায়ন মেয়াদ জুন ২০২০ পর্যন্ত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যাদি সম্পাদন করা হচ্ছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পরিদর্শনকালে অবহিত করেন। জুন ২০১৭ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩১৪.০০ লক্ষ টাকা (০.৮৭%) এবং বাস্তব অগ্রগতি ১%।

- **ব্যবহৃত পণ্য/ উপকরণ:**

প্রকল্পের আওতায় চলমান ভৌত কাজের মান পরিদর্শনকালে নির্ধারিত মানে সঠিকভাবে বজায় রাখা হচ্ছে মর্মে দেখা গেছে। অনুমোদিত স্পেসিফিকেশনের আলোকে অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়ের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভৌত অবকাঠামো নির্মাণ কাজে স্থানীয় ব্র্যান্ডের সিমেন্ট, স্থানীয় AHT ব্র্যান্ডের ইট, Elite ব্র্যান্ডের রড এবং আমদানিকৃত পাথর ব্যবহার করা হচ্ছে মর্মে দেখা গেছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, ব্যবহৃত উপকরণ নিয়মিতভাবে বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের (বুয়েট) মাধ্যমে পরীক্ষা করে নির্মাণ কাজে ব্যবহার করা হচ্ছে।

**ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে):**

প্রকল্পের আওতায় চলমান ভৌত কাজের সাইটে ঠিকাদার কর্তৃক সাইট বই সংরক্ষণ করা হয়েছে মর্মে দেখা গেছে। সাইট পরিদর্শনকারীগণ কর্তৃক উক্ত বইয়ে পরিদর্শনকালীন মন্তব্য লিপিবদ্ধ করেছেন। পরিদর্শনকালে যথাযথভাবে সাইট বই পর্যালোচনা করা হয়েছে।

ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):

প্রকল্পটি ভৌত অবকাঠামো নির্মাণ বিষয়ক হওয়ায় ভৌত কাজের ডিজাইন প্রণয়ন অত্যান্ত গুরুত্বপূর্ণ, কিন্তু ডিজাইন প্রণয়নের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকৌশল বিভাগের কোন সক্ষমতা নেই মর্মে প্রতীয়মান হয়েছে যার কারণে প্রকল্পের আওতায় ভৌত কাজ সম্পাদনের জন্য বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের কারিগরী সহায়তা গ্রহণের প্রয়োজন হবে। প্রকল্প প্রস্তাব প্রণয়ন যথাযথ না হওয়ায় প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদের শুরু থেকে অর্থাৎ ২০১৬-১৭ অর্থ বছর থেকে কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন কাজ সঠিকভাবে সম্পাদন করা সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। প্রকল্পের ভৌত কাজসমূহ মূল অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা মোতাবেক সম্পন্ন না করার কারণে সময়ক্ষেপনসহ প্রকল্পের অযাচিত ব্যয় বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। এছাড়া, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক সক্ষমতার সীমাবদ্ধতা রয়েছে মর্মে প্রতীয়মান রয়েছে। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন সঠিক সময়ে নিশ্চিত করার জন্য পূর্ণকালীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে অভিজ্ঞ ও দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগ করা প্রয়োজন তা নাহলে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ব্যাহত হওয়ার সম্ভাবনা থেকে যাবে। প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ তথা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বাস্তবায়নকারী সংস্থাকে সঠিক দিননির্দেশনা প্রদানের প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

চ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):

আলোচ্য প্রকল্পের মূল উপকারভোগী রাজশাহী বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক জনাব মোঃ আফসার আলী প্রকল্প পরিদর্শনকালে জানান যে প্রকল্পটি বাস্তবায়নের ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের যন্ত্র হিসেবে দক্ষ মানব সম্পদ উন্নয়ন করা সম্ভব হবে; মান সম্মত উচ্চ শিক্ষা ও গবেষণা-সুবিধা বৃদ্ধি ও উন্নত করার লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন এবং লজিস্টিক সুবিধা প্রদান করা সম্ভব হবে; বিজ্ঞান, প্রযুক্তি ও কৃষি শিক্ষা সম্প্রসারণে গতিশীলতা আনয়ন করা সম্ভব হবে; স্বাস্থ্যসম্মত পরিবেশবান্ধব পরিবেশ উন্নয়নের মাধ্যমে ক্যাম্পাসের শিক্ষার পরিবেশ উন্নত করা এবং বসবাসের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করা সম্ভব হবে; এবং শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের শিক্ষা বান্ধব পরিবেশে বসবাসের সুযোগ প্রদান করা সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন। তবে, তিনি প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন কাজের অগ্রগতি ও মান বজায় রাখার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের আরো নিবিড় মনিটরিং এর ওপর গুরুত্ব আরোপ করেন। প্রকল্পটি দীর্ঘদিন ধরে বাস্তবায়নাধীন থাকার পরও প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ কাজ এখনও সঠিকভাবে বাস্তবায়িত হয়নি বলে উল্লেখ করা হয়।

ছ. অন্যান্য বিষয় (যদি থাকে):

পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের সংস্থান মোতাবেক বিভিন্ন অবকাঠমো গড়ে তোলা হলেও এগুলোতে যাতায়ত করার জন্য বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ রাস্তাসমূহের উন্নয়ন করা হয়নি, ফলে অবকাঠামো গড়ে তোলা হলেও এর পূর্ণ ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হবে। এছাড়া, কার্যাদেশ প্রদানকৃত ভবনসমূহের কার্যাদেশ প্রদানকৃত সময়ের মধ্যে কর্মপরিকল্পনা মোতাবেক স্ট্রাকচারের কাজসহ ফিনিশিং কাজ, কাঠের কাজ, দরজা জানালার কাজ শেষ করা প্রয়োজন। ভবনসমূহের জানালায় ব্যবহৃত লোহার গ্রিল, থাই গ্লাস, দরজায় ব্যবহৃত কাঠের মানে আধুনিক প্রযুক্তিসম্পন্ন ও টেকসই নিশ্চিত করা প্রয়োজন। ভৌত কাজ সম্পন্ন না হওয়ার কারণে ভবনসমূহের বৈদ্যুতিক কাজ এখনও শুরু করা হয়নি, ফলে এগুলো ব্যবহার উপযোগী করে তুলতে আরো সময়ের প্রয়োজন হবে। এসব বিষয়ে ঠিকাদারের সাথে আলোচনা করে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ ও প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করা হয়।

১৮. সার্বিক পর্যবেক্ষণ:

**প্রকল্প পরিদর্শনঃ** "রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের গৃহীত কার্যক্রম গত ২২-০৩-২০১৮ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী, ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প পরিদর্শন পর্যালোচনা নিম্নে তুলে ধরা হল:

১৮.১ প্রকল্পের আওতায় জুন, ২০১৭ পর্যন্ত অন্যান্য ব্যয় খাতে ৬.০০ লক্ষ টাকা এবং ইক্যুইপমেন্ট ও স্থাপনা (সিসি টিভি ক্যামেরা) খাতে ২৫৮.০০ লক্ষ টাকাসহ মোট ৩১৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্পের আওতায় প্রস্তাবিত ভৌত অবকাঠামো নির্মাণ কাজ এবং মেশিনারী ও আসবাবপত্র ক্রয়ের বিপরীতে প্রাক্কলিত মোট প্রকল্প ব্যয়ের (৩৬৩৮৭.০০ লক্ষ টাকা) ১.৩৭% অর্থ ব্যয় হয়েছে এবং ৩৫৫৭৩.০০ লক্ষ টাকা এখনও অব্যয়িত রয়েছে। উল্লেখ্য, প্রকল্পটির অনুমোদিত ডিপিপি অনুযায়ী বাস্তবায়ন মেয়াদ জুন ২০২০ পর্যন্ত নির্ধারিত রয়েছে।

১৮.২ প্রকল্প পরিচালক, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া বিলম্ব, এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তিতে বিলম্ব, দরপত্র প্রক্রিয়াকরণ এবং প্রকল্পের অবস্থানগত বৈরীতার প্রেক্ষিতে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা মোতাবেক সম্পাদন করা সম্ভব হয়নি। প্রকল্পের আওতায় প্রস্তাবিত শেখ হাসিনা হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শহীদ এ এইচ এম কামরুজ্জামান হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শিক্ষক কোয়ার্টার্স ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার; সবুজ প্রাচীর নির্মাণ; ড্রেন ও কালভার্ট নির্মাণ; ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ); কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত); কেন্দ্রিয় বিজ্ঞান ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শেখ রাসেল মডেল স্কুল ভবন নির্মাণ (৪তলা ভিতে ৪ তলা পর্যন্ত) কার্যক্রম শুরু করা হয়নি। এছাড়া, প্রকল্পের আওতায় প্রস্তাবিত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ ( ৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত); ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ); চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা নির্মাণ কাজ এবং যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় কার্যক্রম এখনও পুরোপুরিভাবে সম্পন্ন করা হয়নি।

১৮.৩ প্রকল্পের আওতায় এখন পর্যন্ত মোট ৫টি প্যাকেজের আওতায় ভৌত কাজের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ডিপিপি'তে প্রস্তাবিত ২টি কাজের আংশিক বিল পরিশোধ করা হয়েছে এবং প্রস্তাবিত পণ্য ক্রয়ের নিমিত্ত ০২টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ০১ টি কাজের মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রস্তাবিত অন্যান্য ব্যয় খাতে ৭.৭৫ লক্ষ টাকা; ইক্যুইপমেন্ট ও স্থাপনা (সিসি টিভি ক্যামেরা) খাতে ২৫৮.০০ লক্ষ টাকা; বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ ( ৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত) খাতে ১০০.০০ লক্ষ টাকা; কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার খাতে ৭৩.২৫ লক্ষ টাকা; ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) খাতে ১০০.০০ লক্ষ টাকা; ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) খাতে ১০০.০০ লক্ষ টাকা; কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত) খাতে ১০০.০০ লক্ষ টাকা; চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা খাতে ২৫.০০ লক্ষ টাকাসহ মোট ৮১৪.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ২.২৪% ব্যয় হয়েছে। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রস্তাবিত ভৌত কাজের অনেকাংশই এখনও বাকী রয়েছে।

১৮.৪ প্রকল্প দপ্তর থেকে সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বেশ কিছু খাতে সম্পূর্ণ/আংশিক ব্যয় দেখানো হলেও বাস্তবে এসব আইটেমের কোন কার্যক্রমই এখনও শুরু করা হয়নি। যেমনঃ ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) খাতে ১০০.০০ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। প্রকৃতপক্ষে এসব খাতের কোন কার্যক্রম এখনও গ্রহণ করা হয়নি। একইভাবে প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অনুসারে প্রকল্পের অগ্রগতি দেখানো হয়েছে প্রকৃতপক্ষে সংশ্লিষ্ট আইটেমের কার্যাদেশ মূল্য এবং এ খাতে পরিশোধের ভিত্তিতে প্রকল্পের আর্থিক অগ্রগতির তথ্য প্রদান করা সমীচিন হবে।

**সমস্যাঃ**

১। প্রকল্পটি গত ২২/১২/২০১৬ তারিখে মোট ৩৬৩.৮৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হলেও প্রকল্পের ১ম অর্থ বছরে অর্থাৎ ২০১৬-১৭ অর্থ বছরে কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি, এমনকি চলতি ২০১৭-১৮ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ২০০০.০০ লক্ষ টাকাও যথাযথভাবে ব্যবহার করা সম্ভব হয়নি (মার্চ, ২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৫০০.০০ লক্ষ টাকা অর্থাৎ ২৫%)। কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত না হলে সরকারের অযাচিত ব্যয় বৃদ্ধির (পরিচালনা ও রক্ষণাবেক্ষন ব্যয়) পাশাপাশি সরকারের উন্নয়ন বাজেট (এডিপি) বাস্তবায়নের লক্ষ্য অর্জনে প্রতিবন্ধকতার সৃষ্টি হবে। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে তথা বাস্তবমুখী প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নে দূরদৃষ্টির অভাব প্রতীয়মান হয়েছে।

২। প্রকল্পটি জুন ২০২০ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে, কিন্তু এখনও প্রকল্পের মূল কার্যক্রম ভৌত কাজের বেশ কয়েকটি অংশ যেমনঃ- শেখ হাসিনা হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শহীদ এ এইচ এম কামরুজ্জামান হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শিক্ষক কোয়াটার্স ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার; সবুজ প্রাচীর নির্মাণ; ড্রেন ও কালভার্ট নির্মাণ; ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ); কেন্দ্রিয় বিজ্ঞান ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শেখ রাসেল মডেল স্কুল ভবন নির্মাণ (৪তলা ভিতে ৪ তলা পর্যন্ত) ইত্যাদি এখনও শুরু করা হয়নি। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রস্তাবিত ভৌত কাজসমূহ প্রকল্পের নির্ধারিত মেয়াদ জুন ২০২০ এর মধ্যে সমাপ্ত করা না গেলে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র সুষ্ঠু বাস্তবায়ন বিলম্বিত হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রকল্পের জন্য নির্ধারিত বরাদ্দ ব্যয় করার লক্ষ্যে প্রস্তাবিত ভৌত কার্যক্রমগুলো এখনই দক্ষ তত্ত্বাবধান ব্যবস্থায় পুরোপুরিভাবে শুরু করা প্রয়োজন, তা না হলে সামগ্রিকভাবে উন্নয়ন কর্মকান্ড পরিচালনায় প্রতিবন্ধকতার সৃষ্টি হওয়ার আশংকা থেকে যাবে।

৩। প্রকল্প বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মপরিকল্পনা (Work Plan), Gantt Chart, CPM, PERT Approach অনুসরণ করেননি। ফলে, সময় নির্ধারিত লক্ষ্যমাত্রা না থাকায় এবং প্রকল্পের গুরুত্ব বিবেচনায় সঠিক সময়ে কার্যক্রম গ্রহণ না করায় প্রকল্পটি'র নির্ধারিত গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব হচ্ছে।

৪। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে গতিশীলতা আনার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের নিবীড় তত্ত্বাবধান থাকা প্রয়োজন। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তথা রাজশাহী বিশ্ববিদ্যালয়কে সঠিক দিকনির্দেশনা প্রদানের প্রয়োজন রয়েছে। উল্লেখ্য, অনুমোদিত প্রকল্প প্রস্তাব মোতাবেক প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে না মর্মে পরিদর্শনকালে জানা গেছে।

৫। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ডিভিশন ও পরিকল্পনা বিভাগের জনবলের স্বল্পতার কারণে প্রকল্পটি'র ভৌত কাজ বাস্তবায়নে বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের কারিগরী সহায়তা গ্রহণের প্রয়োজন হবে মর্মে পরিদর্শনকালে জানা গেছে। প্রকৌশল বিভাগের প্রকৌশলী জানান যে, জনবলের স্বল্পতার কারণে প্রকল্পের বাস্তবায়ন কাজ তত্ত্বাবধান করাসহ সামগ্রিকভাবে অগ্রগতি অর্জন করা সম্ভব হচ্ছে না। বাস্তবায়নকারী সংস্থার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা বিবেচনায় এনে যুক্তিসঙ্গতভাবে প্রকল্প গ্রহণ করা হলে সময় নির্ধারিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ত্বরান্বিত করা সম্ভব হবে।


৬। প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সক্ষমতার অভাব থাকায় প্রকল্পের প্রস্তাবিত কাজের সুষ্ঠু তদারকী যেমন ব্যাহত হচ্ছে ঠিক তেমনি প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সঠিক তথ্যাদির ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন না করায় প্রকল্পের সঠিক অবস্থা তুলে আনা সম্ভব হচ্ছে না। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আলোচ্য প্রকল্পটি'র বিষয়ে বিস্তারিত তথ্যাদি আইএমইডি'কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।


৭। প্রকল্পের অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ২০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, কিন্তু অদ্যাবধি (মার্চ ২০১৮) মাত্র ৫০০.০০ লক্ষ টাকা অর্থাৎ ২৫% ব্যয় হয়েছে। অর্থাৎ চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মার্চ, ২০১৮ পর্যন্ত আলোচ্য প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৫%। প্রকল্পের অনুকূলে নির্ধারিত এডিপি বরাদ্দ ব্যয়ের সময়োচিত পদক্ষেপ গ্রহণ না করা হলে সরকারের এডিপি বাস্তবায়ন সামগ্রিকভাবে ব্যাহত হওয়ার আশংকা থেকে যাবে। ফলে, আলোচ্য প্রকল্পের অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। প্রকল্পের আওতায় প্রস্তাবিত ভৌত কাজ বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। প্রস্তাবিত কাজের মধ্যে ৪টি ভৌত কাজ চলমান রয়েছে। এর মধ্যে প্রত্যেকটি কাজের কার্যাদেশের নির্ধারিত মেয়াদে মধ্যে কার্যক্রম বাস্তবায়নের অবস্থা প্রকল্প পরিদর্শনকালে প্রতীয়মান হয়নি। প্রয়োজনীয় নির্মাণ শ্রমিক কাজ করছে না মর্মে দেখা গেছে। বিশ্ববিদ্যালয় প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী জানান, ভৌত কাজের নির্ধারিত স্থানের অবস্থানগত বৈরীতার কারণে কিছুটা বেশি সময় অতিবাহিত হয়েছে। এছাড়া, ঠিকাদারের গাফিলতির কারণে ইতোমধ্যে কয়েকটি ভবনের নির্মাণ কাজ সুষ্ঠূভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। কার্যাদেশের মেয়াদের মধ্যে নির্ধারিত কাজ সম্পন্ন করা এবং এক্ষেত্রে পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসরণের জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়।

৯। প্রকল্পের আওতায় ৭৪১.৭৫ লক্ষ টাকার যন্ত্রপাতি ও ১৪৩৫.৬৪ লক্ষ টাকার আসবাবপত্র ক্রয়ের সংস্থান রয়েছে। এর প্রেক্ষিতে ইতোমধ্যে ২৫৮.০০ লক্ষ টাকার যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানানো হয়। কিন্তু ক্রয়কৃত যন্ত্রপাতির কোন Inventory করা হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। ফলে কি পরিমাণ যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে এবং এগুলো কোথায় কিভাবে বিতরণ করা হয়েছে সে সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের তৎপরতা গ্রহণ করা প্রয়োজন। প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতি সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক তদারকী করা প্রয়োজন।


১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:

| চিত্র | বর্ণনা |
|---|---|
|  **চিত্রঃ১-কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত)।** | প্রকল্পের আওতায় প্রস্তাবিত কৃষি অনুষদ ভবন নির্মাণ কাজ (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত) খাতে ২২৫১.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ১০০.০০ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। পাঁচ তলা ভিতে ৫ তলা বিশিষ্ট কৃষি অনুষদ ভবন (৫তলা ভিতে ৫ তলা পর্যন্ত) নির্মাণের লক্ষ্যে গত ২৬/০২/২০১৮ তারিখে ১৪৬৬.০০ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। কার্যাদেশ মোতাবেক উক্ত কাজটি ২৬/০৮/২০১৯ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও এখন পর্যন্ত কেবল মাত্র ভবনের ভীত নির্মাণে ঢালাই এর কাজ চলছে মর্মে পরিদর্শনকালে দেখা গেছে। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের প্রকৌশলী জানান যে, ভবন নির্মাণের স্থানের অবস্থানগত বৈরীতার কারণে এ কাজটি'র বাস্তবায়ন বিলম্বিত হচ্ছে। এছাড়া, উক্ত কাজের বিপরীতে বরাদ্দ পেতে বিলম্ব হওয়ার প্রেক্ষিতে কাজটি শুর করতে বিলম্ব হয়েছে। কার্যাদেশের অনুমোদিত সময় বিবেচনায় উক্ত কাজটি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ এবং প্রকল্প পরিচালককে প্রকল্প পরিদর্শনকালে দিকনির্দেশনা প্রদান করা হয়। ভবনটি'র নির্মাণ কাজ সম্পন্ন করে ভবনটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ কাজ দ্রুত সম্পন্ন করার জন্যও পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। |




চিত্রঃ২-চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা।

প্রকল্পের আওতায় প্রস্তাবিত চারুকলা ভবন সম্প্রসারণ ৩য় তলা নির্মাণ খাতে ২২০.৮২ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ২৫.০০ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। চারুকলা ভবনের ৩য় তলা সম্প্রসারণের লক্ষ্যে গত ৩১/০১/২০১৮ তারিখে ১৫৯.২৬ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। উক্ত ভবনটির ৩য় তলার সম্প্রসারণের কাজ চলমান রয়েছে, এক অংশে ছাদ ঢালাই করা হলেও অপর অংশে এখনও ছাদ ঢালাই করা হয়নি। পরিদর্শনকালে কোন শ্রমিক কাজ করতেও দেখা যায়নি। প্রস্তাবিত সম্প্রসারণ কাজ দ্রুত সম্পন্ন করে ভবনটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ৩- ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ)।

প্রকল্পের আওতায় প্রস্তাবিত ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) খাতে ১৭৫১.৪৬ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ১০০.০০ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। ৪র্থ বিজ্ঞান ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ) নির্মাণের লক্ষ্যে গত ৩১/০১/২০১৮ তারিখে ১২৯৬.৪২ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। কার্যাদেশ মোতাবেক উক্ত কাজটি ৩১/০১/২০১৯ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও এখন পর্যন্ত কেবল মাত্র ২য় ও ৩য় তলার আংশিক কাজ সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের প্রকৌশলী জানান যে, অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা মোতাবেক এবং কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়েই উক্ত কাজটি সম্পন্ন করা সম্ভব হবে। ৪র্থ তলার ছাদ ঢালাইসহ উক্ত ভবনটির ইটের গাঁথুনি, প্লাস্টার, ফিনিশিং, দরজা-জানালার কাজসহ নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। ভবনটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ কাজ দ্রুত সম্পন্ন করার জন্যও পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ৪-বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ (৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত)।

প্রকল্পের আওতায় প্রস্তাবিত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ (৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত) খাতে ৩১৯৫.৮১ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ১০০.০০ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। বঙ্গমাতা ফজিলাতুন্নেছা হল নির্মাণ (৬তলা ভিতে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সমাপ্ত) নির্মাণের লক্ষ্যে গত ২৫/০২/২০১৮ তারিখে ১৮৭৪.৭৭ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। পরিদর্শনকালে উক্ত কাজটি এখনও শুরু করা হয়নি মর্মে দেখা গেছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, ভবনটিতে বর্তমানে ছাত্রীরা বসবাস করছে বিধায় তাদের নিরাপত্তা নিশ্চিত করে কাজটি শুরু করতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সিদ্ধান্তের প্রয়োজন রয়েছে বিধায় কাজটি শুরু করতে বিলম্ব হচ্ছে। কার্যাদেশের অনুমোদিত সময় বিবেচনায় উক্ত কাজটি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ এবং প্রকল্প পরিচালককে প্রকল্প পরিদর্শনকালে দিকনির্দেশনা প্রদান করা হয়। প্রস্তাবিত সম্প্রসারণ কাজ সম্পন্ন করে ভবনটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়।

## ২০. সুপারিশ/মতামত:

২০.১ প্রকল্পটি নির্ধারিত মেয়াদ জুন ২০২০ এ সমাপ্ত করার নিমিত্ত প্রকল্পের আওতায় প্রস্তাবিত শেখ হাসিনা হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শহীদ এ এইচ এম কামরুজ্জামান হল নির্মাণ (৬৫০ আসন, ১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শিক্ষক কোয়ার্টার্স ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম এর মেরামত ও সংস্কার; সবুজ প্রাচীর নির্মাণ; ড্রেন ও কালভার্ট নির্মাণ; ৪র্থ কলা ভবনের অসমাপ্ত কাজের সমাপ্তকরণ (২য় তলা হতে ৩য় তলা আংশিক উন্নয়ন এবং ৪র্থ তলার পূর্ণ নির্মাণ কাজ); কেন্দ্রিয় বিজ্ঞান ভবন নির্মাণ (১০তলা ভিতে ১০ তলা পর্যন্ত); শেখ রাসেল মডেল স্কুল ভবন নির্মাণ (৪তলা ভিতে ৪ তলা পর্যন্ত) কাজসহ সকল ভৌত কাজ দ্রুত সম্পন্ন করার বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা;

২০.২ প্রকল্পের আওতায় প্রস্তাবিত অঙ্গওয়ারী বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে সঠিকভাবে ব্যয় নিশ্চিত করার জন্য বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক স্বল্পতম সময়ের মধ্যে একটি সময়নির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করা;

২০.৩ প্রকল্পের প্রকৃত উপকারভোগী অর্থাৎ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের বাস্তব চাহিদা বিবেচনায় এনে প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণ করা;

২০.৪ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সরকারের অযাচিত ব্যয় পরিহার করে উন্নয়ন বাজেট (এডিপি) বাস্তবায়নের লক্ষ্য অর্জনের নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে তথা বাস্তবমুখী প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নে দূরদৃষ্টিসম্পন্ন নীতি অনুসরণ করা;

২০.৫ প্রকল্পের সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট কর্মকৌশল প্রণয়ন করে তা অনুসরণ করবে এবং প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক তা তদারকী করা;

২০.৬ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আলোচ্য প্রকল্পটি'র বিষয়ে বিস্তারিত তথ্যাদি আইএমইডি'কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২০.৭ প্রকল্পের অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করা এবং অর্থ যথাযথভাবে ব্যয়ের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২০.৮ প্রকল্পের আওতায় চলমান ভৌত কাজের কার্যাদেশের নির্ধারিত মেয়াদ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা এবং এক্ষেত্রে Public Procurement Rules-2008 এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা;

২০.৯ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের Inventory প্রণয়ন নিশ্চিত করা। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও প্রকল্প দপ্তর কর্তৃক তদারকী করা;

২০.১০ প্রকল্পটি নির্ধারিত সময়ে কিভাবে সফলভাবে বাস্তবায়ন করা হবে সে বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ যৌথভাবে Strategic Plan (Gantt Chartসহ) প্রণয়ন করে আইএমইডি'কে অবহিত করা;

২০.১১ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার সক্ষমতা বৃদ্ধিতে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহন করা;

২০.১২ উন্নয়ন প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কাজের অগ্রগতি অবহিতকরণের পাশাপাশি উদ্ভুত সমস্যা নিরসনের কার্যকর পদক্ষেপ গ্রহনের নিমিত্ত প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান মোতাবেক নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা আহ্বান করা;

২০.১৩ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা তথা সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-০৫ ও ০৩ ছকে তথ্যাদি নিয়মিতভাবে আইএমইডি'তে প্রেরণ করা;

২০.১৪ অনুচ্ছেদ ২০.১ হতে ২০.১৩ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করা।

পরিদর্শনকারী কর্মকর্তা

মোঃ আরিফুর রহমান
উপ-পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাক্ষর:
নাম: মোহাম্মদ আরিফুর রহমান
পদবী: উপ-পরিচালক
তারিখ: ১৪.০৬.২০১৮ইং
ফোন নম্বর: ৯১১৭৫৭৯